দৈনিক ইনকিলাব

তারিখ 05 DEC 1992
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৩ ...

৪০

০৪

# একটি অর্থবহ শিক্ষা পদ্ধতির জন্য জাতীয় ঐকমত্য অপরিহার্য

## —প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস শিক্ষাঙ্গনের পবিত্রতা সংরক্ষণসহ একটি অর্থবহ শিক্ষা পদ্ধতি গড়ে তোলার জন্য জাতীয় ঐক্যের আহবান জানিয়েছেন।

তিনি গতকাল "বাংলাদেশে শিক্ষার সংকট" শীর্ষক এক সেমিনারের উদ্বোধনকালে বলেন, শিক্ষাই একটি স্বাধীন রাষ্ট্রের প্রধান অবলম্বন। তাই, শিক্ষাকে এমনভাবে ঢেলে সাজাতে হবে যাতে ছাত্ররা সর্বোচ্চমানের শিক্ষা, প্রতিভা ও চারিত্রিক উৎকর্ষ হাসিল করতে পারে।

বাংলাদেশ ইন্সটিটিউট অব ইসলামিক থট (বিআইআইটি) গতকাল ঢাকার একটি হোটেলে এই সেমিনারের আয়োজন করে। বিআইআইটি-এর চেয়ারম্যান অধ্যাপক ডঃ শামসের আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ডঃ শামসুল হক, পরিকল্পনা কমিশনের সাবেক সদস্য ডঃ শেখ মকসুদ আলী এবং বিআইআইটি-এর মহাসচিব জহুরুল ইসলাম বক্তব্য রাখেন।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও বর্তমান সরকার জাতীয় বাজেটে শিক্ষার জন্য সর্বোচ্চ অর্থ বরাদ্দ করেছেন।

তিনি বলেন, কোন বিশেষ শ্রেণীর মধ্যে শিক্ষাকে সীমাবদ্ধ করা ঠিক হবে না। শিক্ষাকে সার্বজনীন হতে হবে। তিনি বলেন, এই লক্ষ্যে বর্তমান সরকার প্রাথমিক থেকে সর্বোচ্চ পর্যায় পর্যন্ত সকল স্তরে শিক্ষা সম্প্রসারণের কর্মসূচী হাতে নিয়েছেন।

প্রেসিডেন্ট বিশ্বাস শিক্ষাঙ্গনে বিরাজমান অশান্ত পরিস্থিতির কথা উল্লেখ করে বলেন, এ পরিস্থিতির অবসানকল্পে অবশ্যই বিবেককে জাগ্রত করতে হবে।

তিনি বলেন, শিক্ষাঙ্গনে যাতে কেউ পরিস্থিতির শিকার না হয় সে জন্য ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে যথাযথ ভূমিকা পালন করতে হবে। প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, কাঙ্ক্ষিত মূল্যবোধের অনুপস্থিতিসহ নানাবিধ কারণে শিক্ষা-সংকট সৃষ্টি হয়েছে। তদুপরি আর্থ-সামাজিক পরিস্থিতি এ সংকটকে আরো বাড়িয়ে তুলেছে।